

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৯০৯

আগরতলা, ১৪ আগস্ট, ২০২৪

৭৮তম স্বাধীনতা দিবস

আসাম রাইফেলস ময়দানে মূল অনুষ্ঠানে
জাতীয় পতাকা উত্তোলন করবেন মুখ্যমন্ত্রী

আগামীকাল ৭৮তম স্বাধীনতা দিবস। বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে সারা রাজ্যে ৭৮তম স্বাধীনতা দিবস উদযাপন করা হবে। স্বাধীনতা দিবস উদযাপনের মূল অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে আগরতলার আসাম রাইফেলস ময়দানে। আসাম রাইফেলস ময়দানে সকাল ৯টা ১০ মিনিটে জাতীয় পতাকা উত্তোলন করবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। পতাকা উত্তোলনের পর মুখ্যমন্ত্রী সশস্ত্র বাহিনীর সেলামী প্যারেড পরিদর্শন করবেন। এর পর তিনি সমর শিক্ষার্থী বাহিনীর ক্যাডেট, আধিকারিক ও বনবিভাগের কর্মীদের পুরস্কার প্রদান করবেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রাজ্যবাসীর উদ্দেশ্যে বক্তব্য রাখবেন। এরপর অনুষ্ঠিত হবে পিটি ও বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান।

আগামীকাল স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচি শুরু হবে ভোর ৫টায় বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের প্রভাতফেরীর মধ্য দিয়ে। প্রভাতফেরী আগরতলা শহরের বিভিন্ন পথ পরিক্রমা করবে। হর ঘর তিরঙ্গা কর্মসূচিতে বিভিন্ন সরকারি এবং বেসরকারি আবাসে জাতীয় পতাকা উত্তোলন করা হবে। সকাল ৭টায় সচিবালয় প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করবেন বিদ্যুৎ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ। সকাল ৮টায় সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গণে মহাত্মা গান্ধীর মূর্তিতে মাল্যদান করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু। এপর রাজ্যপাল সকাল ৮টা ১৫ মিনিটে গান্ধীঘাটস্থিত গান্ধীবেদীতে মাল্যদান করবেন। সকাল ৮টা ৩৫ মিনিটে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাথু লিচুবাগানস্থিত এলবার্ট এক্সা পার্কে শহীদ মিনারে শ্রদ্ধা নিবেদন করবেন। বিকাল ৫টায় নতুন রাজভবনে ঘরোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। স্বাধীনতা দিবস উদযাপন কর্মসূচির অঙ্গ হিসেবে সন্ধ্যা ৬টা ৩০ মিনিটে আগরতলা টাউনহলে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
